সংবাদ

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ১১ কলাম ৪

# কেরানীগঞ্জে চার প্রা. বিদ্যালয়সহ ৫টি নতুন ভবন উদ্বোধন

প্রতিনিধি, কেরানীগঞ্জ (ঢাকা)

কেরানীগঞ্জে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪টি নতুন ভবন ও উপজেলা শিক্ষা অফিসের নতুন ভবন সোমবার উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান শাহীন আহমেদ। প্রায় ৪ কোটি টাকা প্রকল্প ব্যয়ে এ ৫টি নতুন ভবন নির্মিত হয়।

এলজিইডির অর্থায়নে ৫৪ লাখ ৫১ হাজার টাকায় লাখিরচর সরকারি প্রাথমিক বিদ্যালয় নতুন ভবন, ৪৯ লাখ ৮০ হাজার টকায় দোলেশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন, ৬৬ লাখ ৪৫ হাজার টাকায় চরবাঘাগুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন, ২ কোটি ৬ লাখ ৮০ হাজার টাকায় আমবাগিচা সরকারি প্রাথমিক বিদ্যালয় ৪তলা ভবন ও ২০ লাখ ৯৯ হাজার টাকা ব্যয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ভবন ভবন নির্মাণ করা হয়।

প্রাথমিক বিদ্যালয়ের ভবন উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, উপজেলা প্রকৌশলী শাহজাহান আলী, শিক্ষা অফিসার মাজেদা সুলতানা, আগানগর ইউপি চেয়ারমেন জাহাঙ্গীর শাহ খুশি, মডেল থানা যুবলীগেরর আহ্বায়ক মনির হোসেন, বাস্তা ইউনিয় আওয়ামী লীগের সভাপতি হাজি জেড.এ জিন্নাহ, রুহিতপুর ইউনিয়ন আওযামী লীগের সাধারণ সম্পাদক অহিদুল হক, উপজেলা আওযামী লীগের সদস্য সাইদ সানজিদ, সদস্য হাজি বদিউল আলম, ঢাকা জেলা ছাত্রলীগ সহ-সভাপতি এইচ এম মেহেদী হাসান, রুহিতপুর ইউনিয়ন যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি আমির খসরু, সাধারণ সম্পাদক বশির উদ্দিন, আগানগর ইউনিয়ন শ্রমিক লীগ সভাপতি ফরিদ আহমেদ প্রমুখ।